নতুন প্রযুক্তি পণ্যের ছবি, বর্ণনা, মূল্য, প্রাপ্তিস্থান ইত্যাদি তথ্য নিয়ে আইটি পণ্যের সম্ভাব্য ক্রেতাদের জন্য পণ্য তথ্যের সমারোহ

নতুন পণ্য

ট্রান্সসেন্ডের দ্রুতগতির পেনড্রাইভ জেটফ্লাশ ৬০০

ইউসিসি বাজারে এনেছে ট্রান্সসেন্ড ব্র্যান্ডের দ্রুতগতির ফ্লাশ ড্রাইভ জেটফ্লাশ ৬০০। সর্বাধুনিক ডুয়েল চ্যানেল প্রযুক্তি ব্যবহারের ফলে এটি ২০০এক্স পর্যন্ত সুপার হাই স্পিডে ডাটা স্থানান্তর করতে পারে। এটি ই-মেইল ও ইন্টারনেট ফেভারিট পরিবহনে সক্ষম, এছাড়া রয়েছে স্বয়ংক্রিয়ভাবে ডাটা ব্যাকআপ, রি-স্টোর এবং সিনক্রোনাইজেশন সুবিধা। অ্যারোডায়নামিক যানবাহনের আদলে নকশাকৃত মসৃণ চকচকে কালো রঙের জেটফ্লাশ ৬০০ পেনড্রাইভে সুদৃশ্য আলোক পরিবাহী অস্বচ্ছ বর্ণবলয় রয়েছে যা ডাটা আদান-প্রদানের সময় জ্বলে উঠলে চমৎকার দেখায়। বর্তমানে ৩২ গিগাবাইট পর্যন্ত ধারণক্ষমতার জেটফ্লাশ ৬০০ পেনড্রাইভটি গ্রাহকদের সর্বোচ্চ চাহিদা পূরণে সক্ষম। দাম ৮ গিগাবাইট ১,৪৫০ টাকা, ১৬ গিগাবাইট ২,৯০০ টাকা এবং ৩২ গিগাবাইট ৫,৮০০ টাকা।

ইউসিসি ট্রান্সসেন্ডের ইউএসবি ফ্লাশ ড্রাইভের পাশাপাশি পোর্টেবল হার্ডড্রাইভ, মেমোরি মডিউল, ডিজিটাল ফটো ফ্রেম, ডিজিটাল মাল্টিমিডিয়া পে-য়ার, ফ্লাশ কার্ড, কার্ড রিডার এবং পোর্টেবল ডিভিডি রাইটার বাজারজাত করছে। যোগাযোগ: ৯৬৬৮৯৩০, ৯১১৮০৭৪

স্যামসাং-এর নতুন লেজার প্রিন্টার এখন বাজারে

স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে স্যামসাং-এর নতুন মনোক্রম লেজার ও কালার লেজার প্রিন্টার। এমএল-১৯১১ মডেলের মনোক্রম লেজার প্রিন্টারের প্রিন্টিং গতি ১৮পিপিএম, ১২০০ বাই ১২০০ ডিপিআই আউটপুট, র‌্যাম ৮এমবি, দাম ৮,৫০০ টাকা। এমএল-২৫৮১এস মডেলের মনোক্রম লেজার প্রিন্টারের র‌্যাম ৩২এমবি, প্রিন্টিং গতি ২৪পিপিএম, ১২০০ বাই ১২০০ ডিপিআই আউটপুট, দাম ১৩,৫০০ টাকা। এছাড়া সিএলপি-৬২০এনডি মডেলের কালার লেজার প্রিন্টারের গতি ২০পিপিএম (রঙিন-সাদাকালো), র‌্যাম ২৫৬এমবি, রেজল্যুশন ৯৬০০ বাই ২৪০০ ডিপিআই আউটপুট, নেটওয়ার্ক-ডুপে-ক্স বিল্ট-ইন, দাম ৩৩,০০০ টাকা। ফোন: ০১৭৩০৩১৭৭৬৬, ৪২।

J&W ব্র্যান্ডের মাদারবোর্ড

কমভ্যালী লিমিটেড বাজারে এনেছে J&W ব্র্যান্ডের মাদারবোর্ড। ইন্টেল চিপসেটের ৪টি মডেলের মাদারবোর্ড বর্তমানে বাজারে পাওয়া যাচ্ছে। মডেলগুলো হচ্ছে: JW-IG41M-L, JW-IG41M-L3, JW-IG41M-HD3 এবং JW-H55M-L। মাদারবোর্ডগুলো সলিড ক্যাপাসিটর, সিপিইউ বুস্ট, উইনডোজ-৭ সাপোর্টেড। ইন্টেল কোর টু ডুও থেকে কোর টু এক্সট্রিম পর্যন্ত সাপোর্টেড। ১৩৩৩/১০৬৬/৮০০ ফ্রন্ট সাইড বাস সাপোর্ট, মেমোরি, স্টোরেজ, নেটওয়ার্কিং, অডিও, ইন্টারনাল আইও, বায়োসসহ মডেলভেদে গ্রাহকগণ প্রয়োজন ও কনফিগারেশন অনুযায়ী বেছে নেবেন। রয়েছে ৩ বছরের ওয়ারেন্টি। যোগাযোগ: ০১৮১৭২৯৯০৫৫, ৫৭, ৬৩, ৭০।

অ্যাসরক ব্র্যান্ডের জি৪৩টুইনস-ফুলএইচডি মাদারবোড

কম্পিউটার সিটি টেকনোলজিস লি: বাজারে এনেছে অ্যাসরক-এর জি৪৩টুইনস-ফুলএইচডি মডেলের মাদারবোর্ড। ইন্টেল জি৪৩ চিপসেটের এই মাদারবোর্ড সকেট ৭৭৫ প্রসেসর সাপোর্টেড। এতে রয়েছে এএলসি৮৮৮ ৭.১ চ্যানেল অডিও, ১টি এইচডিএমআই, ৪টি র‌্যাম স-টে ৮ গিগা পর্যন্ত ডিডিআর২ ও ডিডিআর৩ র‌্যাম সাপোর্ট, ১টি গিগা ল্যান পোর্ট, ৬টি সাটা২ কানেক্টর, ১টি পিসিআই এক্সপ্রেস স-ট ইত্যাদি। বাজারে একমাত্র অ্যাসরক মাদারবোর্ডেই এর ইনস্ট্যান্ট বুট অপশনের মাধ্যমে মাত্র ৪ সেকেন্ডে উইন্ডোজ বুট করা যায়। ফোন: ০১৮১৯১২৮৬৭৬, ৮৬৫০১৭৯-৮১



এসার ব্র্যান্ডের মোবাইল ফোন

এসারের উইন্ডোজ মোবাইল ফোন গত বছর বিশ্ববাজারে প্রবেশ করার সাথে সাথে সাড়া ফেলে দিয়েছে। সর্বাধুনিক প্রযুক্তির প্রসারের লক্ষ্যে এবার এসারের মোবাইল ফোন নিয়ে এল এসারের একমাত্র পরিবেশক এক্সিকিউটিভ টেকনোলজিস লি:। উইন্ডোজ অপারেটিং সিস্টেম ফিচারের এই মোবাইল ফোনগুলো স্পর্শসংবেদী স্ক্রিনবিশিষ্ট। পাওয়া যাচ্ছে ৩টি মডেলে। বি টাচ ই১০০ মডেলটির দাম ২৪,৮০০ টাকা, বি টাচ ই২০০ মডেলটির দাম ৩১,৮০০ টাকা এবং নিও টাচ এস২০০ এর দাম ৪৪,৮০০ টাকা। এস২০০ মডেলটির সাথে রয়েছে ৫ মেগাপিক্সেল ক্যামেরা, ওয়াইফাই, ৩.৮ ইঞ্চি স্ক্রিন, এফএম রেডিওসহ আরো অনেক অপশন। ১ বছরের বিক্রয়োত্তর সেবাসহ এ মোবাইলগুলো এসারের শোরুম ও রিসেলারদের কাছে পাওয়া যাচ্ছে। ফোন: ০১৯১৯২২২১১১

আসুসের মাল্টিমিডিয়া ডেস্কটপ পিসি এখন বাজারে

গে-বাল ব্র্যান্ড (প্রা:) লিমিটেড এনেছে আসুস ব্র্যান্ডের ভি৭-পি৫জি৪৩এম মডেলের নতুন মাল্টিমিডিয়া ডেস্কটপ পিসি। ইন্টেল জি৪৩ চিপসেটের এই ডেস্কটপ পিসিটিতে রয়েছে ২.৯৩ গিগাহার্জ গতির ইন্টেল কোর২ডুয়ো প্রসেসর, ২ গিগাবাইট ডিডিআর-২ র‌্যাম, ৩২০ জিবি হার্ডডিস্ক, ডিভিডি রাইটার, ডাইরেক্টএক্স ১০ সাপোর্টেড বিল্ট-ইন জিএমএ এক্স৪৫০০ চিপসেটের ১৭৫৯ মেগাবাইট ভিডিও মেমোরির গ্রাফিক্স, গিগাবিট ল্যান, ৮-চ্যানেল অডিও, ১৮.৫ ইঞ্চির এলসিডি মনিটসহ দাম ৩৮,৫০০ টাকা। ফোন: ০১৭১৩২৫৭৯২০

তোশিবার স্যাটেলাইট সিরিজের ল্যাপটপ এখন বাজারে

স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে তোশিবা ব্র্যান্ডের স্যাটেলাইট সিরিজের নতুন একটি ল্যাপটপ। স্যাটেলাইট প্রো এল৫১০-বি৪০২ মডেলের এই ল্যাপটপের প্রসেসর ইন্টেল কোর-টু-ডুয়ো টি৬৫৭০, গতি ২.১ গিগাহার্জ। রয়েছে ১০৬৬ মেগাহার্জ বাস স্পিডের ২জিবি ডিডিআরথ্রি র‌্যাম (৮জিবি পর্যন্ত বাড়ানো যাবে); আঘাত প্রতিরোধক ব্যবস্থাসহ ২৫০জিবি সাটা হার্ডডিস্ক, সুপার মাল্টি ডিভিডি ডাবল লেয়ার, এটিআই মবিলিটি রেডিয়ন এইচডি ৪৫৭০ জিপিইউ সক্ষমতার গ্রাফিক্স, এক বছরের বিক্রয়োত্তর সেবা, দাম ৪৫,০০০ টাকা। যোগাযোগ: ০১৭৩০ ৩১৭৭৬৫।

জাইসেল ব্র্যান্ডের ২৪ পোর্ট সুইচ

কম্পিউটার সিটি টেকনোলজিস লি: বাজারে এনেছে জাইসেল ব্র্যান্ডের ২৪ পোর্ট সুইচ।

ইএস-১১২৪ মডেলের এই সুইচের বৈশিষ্ট্যের মধ্যে রয়েছে: ২৪ পোর্ট, ১০/১০০ বেস-টিএক্স,

২এক্স গিগাবিট ১০/১০০/১০০০ বেস-টি (আরজে-৪৫) ইন্টারফেস, নয়েজলেস, নন-ব-কিং ব্যাকপে-ন ৪.৮ জিবিপিএস, পাওয়ার-১২ওয়াট, হাই কোয়ালিটি বডি। দাম ১০,৫০০ টাকা। ফোন: ০১৮১৯৩১১১৬০, ৮৬৫০১৭৯।

কে-ওয়ার্ল্ড ব্র্যান্ডের এক্সটার্নাল টিভি কার্ড বাজারে

কে-ওয়ার্ল্ড কোম্পানির এক্সটার্নাল টিভি কার্ড বাজারে এনেছে কম্পিউটার সিটি টেকনোলজিস

লি:। আকর্ষণীয় ডিজাইনের এই এক্সটার্নাল টিভি কার্ডটির আধুনিক নানা বৈশিষ্ট্যের মধ্যে রয়েছে: হাই ডেফিনিশন পিকচার কোয়ালিটি, ১৬:১০/১৬:৯/৪:৩ স্ক্রিন এলসিডি রেশিও-তে সর্বোচ্চ ১৯২০বাই১০৮০ রেজল্যুশন সাপোর্ট, প-াগ এন্ড পে- হাই-ডেফিনিশন গেম কনসোল/ডিভিডি পে--ব্যাক, পিকচার-ইন-পিকচার, বিল্ট-ইন স্পিকার, ফুল ফাংশন রিমোট কন্ট্রোল, মাল্টি চ্যানেল প্রিভিউ, পিকচার নয়েজ রিডাকশান ইত্যাদি। ফোন: ০১৮১৯৩১১১৬০

বেনকিউ ভিপি২২১২ মডেলের এইচডি এলসিডি টিভি

২২ ইঞ্চি স্ক্রিন, ১৬৮০বাই১০৫০ রেজল্যুশন এইচডিএমআই সম্বলিত এইচডি এলসিডি টিভি

বাজারে এনেছে কমভ্যালী লিমিটেড। বেনকিউ ব্র্যান্ডের এই টিভিতে রয়েছে ৫ মিলিসেকেন্ড রেসপন্স টাইম, ৫ ওয়াট বিল্ট-ইন স্পিকার, স্-িপ টাইমার। রয়েছে পিসি পাওয়ার সেভিং মোড, যা ৫৫ ওয়াটের কম বিদ্যুৎ খরচ করে, স্টান্ডবাই মোডে যা ২ ওয়াটেরও নিচে। পিকচার মোডে রয়েছে স্ট্যার্ন্ডাড, সিনেমা, ডায়নামিক, গেম এবং পারসোনাল মোড। তিন বছরের ওয়ারেন্টি রয়েছে। ফোন: ০১৮১৭২৯৯০৫৫, ৫৭,৬৩,৭০।

ইউএসবি ৩.০ ইন্টারফেসের এ-ডেটা'র পোর্টেবল হার্ড ড্রাইভ

গে-াবাল ব্র্যান্ড (প্রা:) লিমিটেড বাজারে এনেছে এ-ডেটা ব্র্যান্ডের এনএইচ০১ মডেলের পোর্টেবল

হার্ড ড্রাইভ। মাত্র ১৫.৭ মিলিমিটার সরু এবং ২৪০ গ্রাম ওজনের এই হার্ড ড্রাইভটিতে রয়েছে অত্যাধুনিক উচ্চগতির ইউএসবি ৩.০ ইন্টারফেস। এজন্য হার্ড ড্রাইভটি দ্রুততার সাথে ডেটা আদান-প্রদান করতে পারে এবং অনায়াসে বহন করা যায়। এর ডেটা ট্রান্সফার রেট সর্বোচ্চ ৮৮ মেগাবাইট/সেকেন্ড এবং ডেটা রাইটের ক্ষেত্রে ট্রান্সফার রেট সর্বোচ্চ ৮১ মেগাবাইট/সেকেন্ড, যা গতানুগতিক ইউএসবি ২.০ ইন্টারফেসের হার্ড ড্রাইভ থেকে ৩ গুণ দ্রুততার সাথে ডেটা আদান-প্রদান করে। এতে ইউএসবি ২.০ ইন্টারফেসের তুলনায় ৭০% ফাইল ট্রান্সফারের সময় বাঁচে। নজরকাড়া ডিজাইনের চকচকে খোলসের এই হার্ড ড্রাইভটিতে আরো রয়েছে ২.৫ ইঞ্চির সাটা হার্ড ড্রাইভ ইন্টারফেস, পাশাপাশি এটি ইউএসবি ২.০ ইন্টারফেস সমর্থন করে। বর্তমানে এই মডেলের ৩২০ জিবি এবং ৫০০ জিবি হার্ড ড্রাইভ পাওয়া যাচ্ছে, মূল্য যথাক্রমে ৬,০০০ এবং ৮,০০০ টাকা। ফোন: ০১৭১৩২৫৭৯০৪, ৮১২৩২৮১।

ইয়ারসন ব্র্যান্ডের স্মার্ট ল্যাপটপ স্পিকার এখন বাজারে

কম্পিউটার ভিলেজ বাজারে এনেছে ইয়ারসন ব্রান্ডের ল্যাপটপ স্পিকার। বাংলাদেশের বাজারে ল্যাপটপ স্পিকারের যথেষ্ট অভাব রয়েছে।

ল্যাপটপ ব্যবহারকারীদের চাহিদা মেটানোর জন্য এবং স্পিকার বাজারকে আরো সমৃদ্ধ করতে ইয়ারসন ব্র্যান্ডের ল্যাপটপ স্পিকার ভূমিকা রাখবে। বিভিন্ন ডিজাইন, আধুনিক টেকনোলজির ব্যবহার স্পিকারের সাউন্ড কোয়ালিটিতে যোগ করেছে আলাদা অনুভূতি। ইআর-১০২৬, ইআর-১০০৯, ইআর-১০৮৩, ইআর-১০৬৯ ল্যাপটপ স্পিকার মডেলগুলো বাজারে পাওয়া যাচ্ছে। প্রতিটি স্পিকার ছোট আকৃতির হওয়ার কারণে ল্যাপটপের সাথে বহনযোগ্য এবং মানানসই। যোগাযোগ: ০১৭১৩২৪০৭৩২, ৯৬৬৮৫২০

সিলিকন পাওয়ার ব্র্যান্ডের টাচ ৮৩০ পেনড্রাইভ

ইউসিসি বাজারে এনেছে সিলিকন পাওয়ারের সুদৃশ্য পেনড্রাইভ টাচ ৮৩০। টাচ সিরিজের অন্যতম এই পেনড্রাইভটিতে অতিরিক্তভাবে

স্ক্যান্ডিনেভিয়ান ফ্লেভার যুক্ত করা হয়েছে বলে এর সরল ও বিনম্র ডিজাইন স্ক্যান্ডিনেভিয়ানদের জীবনধারার প্রতিফলন ঘটাতে সক্ষম। বরফ-রৌপ্য আবরণ এবং সরল প্রাকৃতিক গঠন টাচ ৮৩০ ফ্ল্যাশ ড্রাইভটির অন্যতম বৈশিষ্ট্য। চমৎকার বাহ্যিক গঠন এবং ব্যবহারিক কার্যের যথার্থ সমন্বয়ের জন্য ড্রাইভটির গঠনশৈলীতে শক্তিশালী স্টেইনলেস স্টিলের আবরণ ব্যবহার করা হয়েছে। হালকা-পাতলা গড়নের ছোট এই ড্রাইভটি বহনের জন্য রয়েছে সুদৃশ্য জুয়েলারী লেস। ফ্লাশড্রাইভটি উইন্ডোজ সেভেন এবং ইউরোপীয় আরওএইচএস নির্দেশাবলী সমর্থন করে। পুরোপুরিভাবে পানি, ধুলাবালি এবং ঝাঁকি প্রতিরুদ্ধ এই পেনড্রাইভটিতে সর্বাধুনিক চিপ অন বোর্ড প্রযুক্তি ব্যবহৃত হয়েছে। ৪জিবি ও ৮জিবি ধারণক্ষমতার পেনড্রাইভ পাওয়া যাচ্ছে। রয়েছে লাইফটাইম ওয়ারেন্টি। ৪জিবি ৯৫০ টাকা, ৮জিবি ১ হাজার ৬৫০ টাকা।

ইউসিসি সিলিকন পাওয়ারের বিভিন্ন মডেলের ইউএসবি ফ্লাশ ড্রাইভের পাশাপাশি মেমোরি মডিউল এবং ফ্ল্যাশ কার্ডও বাজারজাত করছে। যোগাযোগ: ৯৬৬৪৯৩৩, ৯১১৮০৭৪।

স্যামসাং-এর ল্যাপটপ ডিভিডি রাইটার এখন বাজারে

স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে ল্যাপটপের জন্য স্যামসাং ইন্টারনাল ডিভিডি রাইটার।

ল্যাপটপের ভেতরে সহজে ও চমৎকারভাবে ব্যবহৃত এই ডিভিডি রাইটারটি ৮এক্স গতিতে ডিভিডি রিড ও রাইট করতে পারে। সাটা ইন্টারফেসের এই ডিভিডি রাইটারটিতে রয়েছে এক বছরের বিক্রয়োত্তর সেবা। গুণগত মান ও বিক্রয়োত্তর সেবা নিশ্চিত করতে কেনার সময় স্মার্ট ওয়ারেন্টি স্টিকার দেখে নেয়ার অনুরোধ জানানো হয়েছে স্মার্ট টেকনোলজির পক্ষ থেকে, দাম ৩,৫০০ টাকা। ফোন: ০১৭৩০৩১৭৭৪৮।

এনবিআর-এর নীতিমালা সমর্থিত স্যামফোরএস-এর এফইসিআর

স্মার্ট টেকনোলজিস স্যামফোরএস ব্র্যান্ডের এফইসিআর (ফিসক্যাল ইলেকট্রনিক ক্যাশ

রেজিস্টার) বাজারজাত করছে। এটি এনবিআর-এর ভ্যাটের আওতাভুক্ত ব্যবসার ধরন ও সেক্টর অনুযায়ী সবগুলোকেই কভার করে। যে কোনো ব্যবসার জন্য স্যামফোরএস এফইসিআর কাস্টমাইজ করা যায় এবং ব্যবহারকারী প্রতিষ্ঠানের লোগো সংযুক্ত করে আউটপুট দেওয়া যাবে। এর মাধ্যমে সরাসরি ভ্যাট কালেকশন এবং এনবিআর কর্তৃক এসআরও-এর মাধ্যমে বর্ণিত মূসক-১১ ও মূসক-১১/ক অনুযায়ী প্রতি মাসের ভ্যাট পৃথকভাবে রিপোর্ট নেয়া যায়। এতে পাঁচ হাজার আইটেম বিল্ট-ইন আছে, তবে তা বৃদ্ধি করে পনেরো হাজার পর্যন্ত করা যাবে। প্রায় শব্দহীন ও থারমাল প্রিন্ট (অটো কালি) হওয়ায় কখনোই কালির দরকার হবে না। সর্বোপরি রয়েছে ব্যাটারি ব্যাকআপ, পাঁচ বছরের ডেটা সংরক্ষণ ও সুরক্ষার জন্য পাসওয়ার্ড সুবিধা। স্যামফোরএস এফইসিআরে রয়েছে এক বছরের বিক্রয়োত্তর সেবা এবং মডেল ভেদে দাম ১৮, ২০ ও ২২

হাজার টাকা। যেসব সেক্টরে এই এফইসিআর ব্যবহৃত হচ্ছে– স্বর্ণ ব্যবসা, ফাস্ট-ফুড/হোটেল/রেস্তোঁরা/বেকারি, আবাসিক হোটেল/রিসোর্ট, ট্রাভেল এজেন্সি, বিউটি পার্লার, ডিপার্টমেন্টাল স্টোর, ফ্যাশন হাউস, প্যাথলজি/ডায়াগনস্টিক সেন্টার, হাসপাতাল, বুক শপ, মিষ্টির দোকান, হসপিটালিটি জেনারেল মার্চেন্ডাইজ, গ্রসারি, জেনারেল রিটেইল ইত্যাদি। যোগাযোগ: ০১৭৩০ ৩১৭৭৬৪

এএমডি প্রসেসরের আসুসের ল্যাপটপ এখন বাজারে

গ্লোবাল ব্র্যান্ড (প্রা:) লিমিটেড এনেছে আসুস ব্র্যান্ডের কে৪০এই-এম১২০ মডেলের নতুন ল্যাপটপ। ২.১ গিগাহার্জ গতির এএমডি স্যাম্প্রন এম১২০ প্রসেসরের এই ল্যাপটপটির ফ্রন্ট সাইড বাস ২১০০ মেগাহার্জ। ১৪ ইঞ্চির হাই ডেফিনিশন ডিসপ্লের এই ল্যাপটপটিতে রয়েছে ১ জিবি ডিডিআর-২ র‌্যাম, ২৫০ জিবি হার্ডডিস্ক, এটিআই রেডিয়ন এইচডি ৪২০০ চিপসেটের ভিডিও গ্রাফিক্স, ডিভিডি রাইটার, হাইডেফিনিশন অডিও, গিগাবিট ল্যান, ওয়েবক্যাম, মেমোরি কার্ড রিডার, ৪টি ইউএসবি ২.০ পোর্ট, বিল্ট-ইন স্পিকার ও মাইক্রোফোন। উল্লেখযোগ্য ফিচারের মধ্যে রয়েছে আসুস সুপার হাইব্রিড ইঞ্জিন এবং আসুস আইসকুল ডিজাইন। এর ফলে ল্যাপটপটি বিদ্যুৎসাশ্রয়ী ও পরিবেশবান্ধব। দাম ৩৩,৫০০ টাকা। ফোন: ০১৭১৩২৫৭৯৪২, ৮১২৩২৮১।

মিটসুবিসি অপটিক্যাল ডিস্ক

সম্প্রতি দেশীয় বাজারে এসেছে মিটসুবিসি কোম্পানির রি-রাইটেবল অপটিক্যাল ডিস্ক। এই ডিস্কগুলো হাই কোয়ালিটি রেকর্ডিং সারফেস, ১০০০ এর বেশি বার রাইটিং, দীর্ঘস্থায়িত্ব, হাই-স্পিড অডিও / ভিডিও / ডাটা রেকর্ডিংয়ে সক্ষম। চমৎকার ডিজাইনের রি-রাইটেবল সিডি ও ডিভিডি ডিস্কগুলো বাজারে এনেছে কম্পিউটার সিটি টেকনোলজিস লিমিটেড। ফোন: ০১৮১৯৩১১১৬০, ৮৬৫০১৭৯

কোর আই ফাইভ প্রসেসরের এসার নোটবুক

এসার এস্পায়ার সিরিজের নতুন নোটবুক এস্পায়ার ৫৭৪৫ এখন পাওয়া যাচ্ছে ইটিএল-এ। ইন্টেল কোর আই ফাইভ ৪৩০ প্রসেসর (২.২৬ গি:হা:)-সমৃদ্ধ এ নোটবুকে আরো রয়েছে ১৫.৬ ইঞ্চি হাই ডেফিনিশন স্ক্রিন, ৪ জিবি র‌্যাম, ৫০০ জিবি হার্ডডিস্ক, ডিভিডি রাইটার, ডলবি সাউন্ড, ব্লুটুথ, কার্ড রিডার, ওয়াইফাই ইত্যাদি। ফ্লোটিং কিবোর্ড, মাল্টি জেশ্চার টাচ প্যাডসমৃদ্ধ এই নোটবুকটি অত্যাধুনিক ডিজাইন ও দীর্ঘ ব্যাটারি লাইফের কারণে ইতিমধ্যে ক্রেতাসমাদৃত হয়েছে। দাম ৫৪,৮০০ টাকা। ফোন: ০১৯১৯২২২২২২।

আসুস-এর এইচডিএমআই ইন্টারফেসের এলসিডি মনিটর

গ্লোবাল ব্র্যান্ড (প্রা:) লিমিটেড বাজারে এনেছে আসুস ব্র্যান্ডের ভিই২৪৬এইচ মডেলের ২৪-ইঞ্চির প্রশস্ত পর্দার নতুন এলসিডি মনিটর। ১৬:৯ আকৃতির এবং এইচডিসিপি সমর্থিত এই মনিটরটিতে রয়েছে সম্পূর্ণ হাই ডেফিনিশন ১০৮০ পিক্সেল (১৯২০ বাই ১০৮০) রেজল্যুশন, এসপ্লেন্ডিড ভিডিও ইন্টেলিজেন্স টেকনোলজি, ট্রেস ফ্রি টেকনোলজি, যার মাধ্যমে বর্ডারলেস ফুলস্ক্রিন ভিডিও উপভোগ করা যায়। এইচডিএমআই ইন্টারফেসের এই মনিটরটিতে আরো রয়েছে বিল্ট-ইন স্টেরিও স্পিকার, ৫০০০০:১ আসুস স্মার্ট কন্ট্রাস্ট রেশিও, ০.২৭৭ মিলিমিটার পিক্সেল পিচ, ১৭০ ডিগ্রি/১৬০ ডিগ্রি ভিউয়িং অ্যাঙ্গেল, ২ মিলি সেকেন্ড রেসপন্স টাইম প্রভৃতি। পরিবেশবান্ধব এই মনিটরটির দাম ২৫,০০০ টাকা। যোগাযোগ: ০১৭১৩২৫৭৯৩৮, ৮১২৩২৮১।

এফএন্ডডি ব্র্যান্ডের ডিজিটাল স্পিকার এখন বাজারে

যারা ভাল মানের স্পিকার খোঁজ করেন তারা এফএন্ডডি স্পিকারের উপর নির্ভর করতে পারেন। কারণ এফএন্ডডি স্পিকারের গুণগত মান, সাউন্ড কোয়ালিটি, আউটলুক সবকিছুই প্রশংসাযোগ্য। বর্তমানে প্রতিটি মডেলের স্পিকার রেডি স্টক থেকে পাওয়া যাচ্ছে। ১ বছরের ওয়ারেন্টি রয়েছে। বাজারে এনেছে কমভ্যালী লি.। ফোন: ০১৮১৭২৯৯০৫৫, ৫৭,৬৩,৭০।

এক্সএফএক্স রেডিওন এইচডি ৪৬৫০ ১জিবি গ্রাফিক্স কার্ড

ইউসিসি বাজারে এনেছে এক্সএফএক্স ব্র্যান্ডের রেডিওন এইচডি ৪৬৫০ ১জিবি। আধুনিক সব ফিচার সম্বলিত এই গ্রাফিক কার্ডটি দিচ্ছে অসাধারণ গ্রাফিক্স উপভোগের সুবিধা। এইচডি গেম ও থ্রিডি অ্যাপ্লিকেশন চালনার জন্য ডিরেক্টএক্স ১০.১ সাপোর্টকারী এই কার্ডটিতে আছে ৩২০ স্ট্রিম প্রসেসর ইউনিট যা পূর্ণ 1080p ডিসপ্লে রেজল্যুশনের ব্লু-রে সিনেমা, স্ট্যান্ডার্ড ডিভিডি ও অন্যান্য এইচডি গ্রাফিক কনটেন্টসমূহ চালাতে সক্ষম। পিসিআই এক্সপ্রেস ২.০ সমর্থিত হওয়ায় এটি ব্যান্ডউইথ নির্ভর গেম এবং থ্রিডি অ্যাপ্লিকেশন পরিচালনার জন্য উপযোগী। এটিআই স্ট্রিম প্রযুক্তি উচ্চমানের গ্রাফিক্স ছাড়াও অন্যান্য অ্যাপ্লিকেশনের গতি ত্বরান্বিত করার জন্য গ্রাফিক্স কার্ডটিকে সিস্টেম সিপিইউ এর সাথে একত্রে কাজ করতে সহায়তা করে। ডুয়েল-লিঙ্ক প্রযুক্তির বদৌলতে একই সাথে ২৫৬০বাই১৬০০ পিক্সেলের দুটি এলসিডি মনিটরে ডিসপ্লে দেখা যায়। ১জিবি ডিডিআর২ অনবোর্ড মেমোরির গ্রাফিক্স কার্ডটির মূল্য ৫,০০০ টাকা। ফোন: ৮৬১০৩৮৫, ৯৬৬৪৯৩৩।

অ্যাসরক এইচ৫৫এম মাদারবোর্ড

কম্পিউটার সিটি টেকনোলজিস লি: বাজারে নিয়ে এল অ্যাসরক কোম্পানির এইচ৫৫এম মডেলের মাদারবোর্ড। ইন্টেল এইচ৫৫ চিপসেটের এই মাদারবোর্ড সকেট ১১৫৬ প্রসেসর সাপোর্টেড। এতে রয়েছে ভিটি ১৭১৮এস ৭.১ চ্যানেল অডিও, ১টি এইচডিএমআই, ২টি র‌্যাম স্লট ২৬০০ বাস স্পিড ডিডিআর৩ সাপোর্টেড, ১টি গিগা ল্যান পোর্ট, ৪টি সাটা২ কানেক্টর, ২টি পিসিআই এক্সপ্রেস ইত্যাদি। বাজারে একমাত্র অ্যাসরক ব্র্যান্ডের মাদারবোর্ডেই এর ইনস্ট্যান্ট বুট অপশনের মাধ্যমে মাত্র ৪ সেকেন্ডে উইন্ডোজ বুট করা যায়। যোগাযোগ: ০১৮১৯১২৮৬৭৬।



ব্রাদার ব্র্যান্ডের মাল্টিফাংশনাল ডিজিটাল কপিয়ার

গ্লোবাল ব্র্যান্ড (প্রা:) লিমিটেড বাংলাদেশের বাজারে এনেছে ব্রাদার ব্র্যান্ডের ডিসিপি-৮০৬০ মডেলের মাল্টিফাংশনাল ডিজিটাল কপিয়ার মেশিন, যা একাধারে প্রফেশনাল লেজার প্রিন্টার এবং কালার স্ক্যানার হিসেবে কাজ করে। এর মনোক্রম লেজার প্রযুক্তির প্রিন্টারটির প্রিন্ট স্পিড ২৮ পিপিএম, প্রিন্ট রেজল্যুশন ১২০০ বাই ১২০০ ডিপিআই। এর উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হল, এটি এফোর ও লিগ্যাল সাইজের ডকুমেন্ট কপি স্ক্যান করতে পারে। কপিয়ারটির সাদা-কালো কপি স্পিড ২৮ সিপিএম, কপি রেজল্যুশন ১২০০ বাই ৬০০ ডিপিআই, ৪৮-বিট কালার স্ক্যান রেজল্যুশন ৬০০ বাই ২৪০০ ডিপিআই এবং এতে ডকুমেন্টকে ২৫% থেকে ৪০০% ছোট বা বড় করে কপি করা সম্ভব। এতে রয়েছে ৩২ মেগাবাইট মেমোরি, ইউএসবি এবং প্যারালাল ইন্টারফেস, ৫০-পৃষ্ঠা অটো ডকুমেন্ট ফিডার অপশন, ২৫০-পৃষ্ঠা পেপার ট্রে, ৫০-পৃষ্ঠা মাল্টি-পারপাস ট্রে। এছাড়া একে কম্পিউটারের সাথে

সংযোগ না দিয়েও কপিয়ার মেশিন হিসেবে আলাদাভাবে ব্যবহার করা যায়। দাম ৩৪,০০০ টাকা। ফোন: ০১৭১৩২৫৭৯২৭, ৮১২৩২৮১।

আকর্ষণীয় মডেলের এইচপির প্রো-বুক ল্যাপটপ

স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে পৃথক বৈশিষ্ট্যের এইচপির প্রো-বুক সিরিজের সাতটি মডেলসহ এইচপি-কম্প্যাক-এর প্যাভিলিয়ন, ডিভি, ডিএম, সিকিউ, কম্প্যাক ও কম্প্যাক প্রেসারিও এবং আকর্ষণীয় রঙের এইচপি মিনি। বৈশিষ্ট্যসমূহ - ফেস রিকগনিশন, থ্রিডি-গার্ড প্রযুক্তির হার্ডডিস্ক, ২ মেগাপিক্সেল ওয়েবক্যাম, মনোরম ও চিত্তাকর্ষক অ্যালুমিনিয়াম চেসিস ইত্যাদি। এইচপি প্রো-বুক ৪৫২০এস এবং ৪৪২০এস মডেলের নোটবুকের প্রসেসর ইন্টেল কোর-আই-থ্রি এবং গতি ২.১৩ গিগাহার্জ। জেনুইন উইন্ডোজ-৭ প্রফেশনাল ওএস, ২জিবি ডিডিআরথ্রি র‍্যাম, ৩২০জিবি হার্ডডিস্ক, জিএমএ ইন্টেল এইচডি গ্রাফিক্স ১জিবি, সুপার মাল্টি ডিভিডি; পর্দা ১৫.৬" দাম ৬৮,০০০ টাকা এবং পর্দা ১৪.১" দাম ৬৭,০০০ টাকা। এক বছরের বিক্রয়োত্তর সেবা। এই দুটি মডেল ছাড়াও আরো পাঁচটি ভিন্ন মডেল ও কনফিগারেশনের এইচপির নতুন প্রো-বুক এর দাম ৫০,৫০০ টাকা থেকে ৫৯,৫০০ টাকা। ফোন: ০১৭৩০৩১৭৭৩১।

ভিশন ব্রান্ডের ল্যাপটপ কুলার

গরম হওয়ার কারণে ল্যাপটপ পিসিতে বিভিন্ন সমস্যা হওয়ার প্রবণতা বেশি দেখা যায়, কারণ ল্যাপটপ কম্পিউটারের কুলিং সিস্টেম খুবই দুর্বল। ফলে অল্প ব্যবহারেই ল্যাপটপ কম্পিউটার উত্তপ্ত হয়ে যায় এবং এতে ভেতরের মূল্যবান যন্ত্রাংশের স্থায়িত্ব কমে যাওয়ার সম্ভাবনা থাকে। সদ্য কিনা আকর্ষণীয় ল্যাপটপটি জ্বলে গেলে ওয়ারিন্টির ক্ষেত্রেও দেখা দিতে পারে অনিশ্চয়তা। তাই ল্যাপটপ ব্যবহারকারীদের এ সমস্যা দূর করতেই বাজারে কম্পিউটার ভিলেজ এনেছে ভিশন ব্রান্ডের ল্যাপটপ কুলার। এটি ইউএসবি পোর্টের মাধ্যমে ল্যাপটপ থেকে পাওয়ার সংগ্রহ করে এবং কুলিং ফ্যানের মাধ্যমে ভেতরের যন্ত্রাংশসমূহকে ঠাণ্ডা রাখে। এনসি১০ ও এনসি১৬ এ দুই মডেলের ল্যাপটপ কুলার পাওয়া যাচ্ছে। ফোন: ০১৭১৩২৪০৭৭০, ৯৬৬৮৫২০।

আসুস-এর করিম রশিদ ডিজাইনের ই পিসি

বিশ্বের অন্যতম প্রথম সারির ডিজাইনার করিম রশিদের নকশাকৃত আসুসের ই পিসি ১০০৮পি (সীশেল) মডেলের নতুন নেটবুক বাজারে এনেছে গে-বাল ব্রান্ড (প্রা:) লিমিটেড। আকর্ষণীয় ডিজাইনের নরম বাদামী চামড়ায় মোড়ানো এই ই-পিসিটি নিঃসন্দেহে ফ্যাশন সচেতন ব্যবহারকারীদের ফ্যাশনে যুক্ত করবে নতুন মাত্রা। অত্যাধুনিক এই নেটবুকটিতে রয়েছে ইন্টেল অ্যাটম প্রসেসর, ১ জিবি র‍্যাম, ২৫০ জিবি হার্ডডিস্ক, ১০.১ ইঞ্চির ডিসপে-, ওয়াই-ফাই (৮০২.১১বি/জি), ওয়েবক্যাম, ১০/১০০ ল্যান, হাই ডেফিনিশন অডিও, মেমোরি কার্ড রিডার, বু-টুথ, ২টি ইউএসবি ২.০ পোর্ট প্রভৃতি। নেটবুকটির ওজন মাত্র ১.১৪৫ কেজি এবং এতে ৬ ঘন্টা ব্যাটারি ব্যাকআপ পাওয়া যায়। দাম ৩৫,০০০ টাকা। যোগাযোগ: ০১৭১৩২৫৭৯১৬,

স্যামফোরএস ব্র্যান্ডের থার্মাল পস প্রিন্টার বাজারে

স্যামফোরএস ব্র্যান্ডের পরিবেশক স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে ELLIX 20II মডেলের থারমাল পস প্রিন্টার। এটি দ্রুতগতি, নিঃশব্দ, আধুনিক এবং নিরবচ্ছিন্ন সচলতা- এই চারটি উলে-খযোগ্য বৈশিষ্ট্যসম্পন্ন। এর প্রিন্ট স্পিড প্রতি সেকেন্ডে ২২০ মিলিমিটার, ইউএসবি পোর্ট ইন্টারফেস, ৩/২ ইঞ্চি থারমাল পেপার রোল সমর্থন করে। এই থারমাল পস প্রিন্টারটি ক্যাশ, টোল-গেট, ট্যাক্স ও বিল রিসিপ্ট, বারকোড প্রিন্টার, ব্যাংক টোকেন ইত্যাদি কাজে ব্যবহার করা যাবে। রয়েছে এক বছরের বিক্রয়োত্তর সেবা। যোগাযোগ: ৮১১২৬১৩।

নেটগিয়ার ব্র্যান্ডের অয়্যারলেস রাউটার এখন বাজারে

কম্পিউটার সিটি টেকনোলজিস লি: বাজারে এনেছে নেটগিয়ার ব্র্যান্ডের এন১৫০ মডেলের অয়্যারলেস রাউটার। এটি ২.৪ গিগাহার্টজ ৮০১.১১ এন ড্রাফট ২.০, ৮০১.১১ বি/জি অয়্যারলেস অ্যাডাপ্টার, ব্রডব্যান্ড (কেবল, ডিএসএল) মডেম, ৫টি ১০/১০০(১টি ওয়্যান, ৪টি ল্যান) পোর্ট, অটো সেন্সিং, প্যারেন্টাল কন্ট্রোল, ডাবল ফায়ারওয়াল প্রটেকশন, ডিওএস অ্যাটাক প্রটেকশন, ওয়াই-ফাই প্রটেকটেড অ্যাকসেস, ওয়াই-ফাই প্রটেকটেড সেটআপ প্রভৃতি আধুনিক ফিচারসম্পন্ন। চমৎকার ডিজাইনের অয়্যারলেস রাউটারটিতে রয়েছে ১ বছরের ওয়ারেন্টি। ফোন: ০১৮১৯৩১১১৬০, ৮৬৫০১৭৯।

Sapphire ব্র্যান্ডের রেডিওন এইচডি ৪৬৫০ গ্রাফিক কার্ড

ইউসিসি বাজারে এনেছে Sapphire ব্র্যান্ডের রেডিওন এইচডি ৪৬৫০ গ্রাফিক কার্ড। এতে রয়েছে ৩২০ স্ট্রিম প্রসেসিং ইউনিট, এন্টি এলাইজিং এবং এনিসোট্রপিক ফিল্টারিং, অ্যাকসিলারেটেড ভিডিও ট্রান্সকোডিং, ১০৮০পি এর অধিক ভিডিও আপস্কেলিং, ডায়নামিক কনট্রাস্ট, এইচডি এমআই প্রযুক্তিসহ প্রভৃতি সুবিধা। চমৎকার পারফরমেন্সের এই গ্রাফিক্স কার্ডটির দাম ৫,০০০ টাকা। যোগাযোগ: ৮৬১০৩৮৫, ৯৬৬৪৯৩৩।

গেটওয়ে ব্র্যান্ডের স্টাইলিশ নোটবুক এনভি৫৯সি

আকর্ষণীয় নজরকাড়া ডিজাইনের স্টাইলিশ নোটবুক-এর জন্য গেটওয়ে সমাদৃত। আমেরিকার এ জনপ্রিয় ব্র্যান্ডটির নোটবুক বাংলাদেশে এনেছে এক্সিকিউটিভ টেকনোলজিস লি:। মিডনাইট বু- রঙের অসাধারণ টেক্সচারসমৃদ্ধ গেটওয়ে ব্র্যান্ডের এনভি৫৯সি নোটবুকটি সর্বাধুনিক ইন্টেল কোর আই ফাইভ (২.২৬ গি:হা:) প্রসেসরসমৃদ্ধ। জেনুইন উইন্ডোজ সেভেন হোম প্রিমিয়াম নিয়ে আসা এই নোটবুকটিতে আরো রয়েছে ৩ জিবি ডিডিআর থ্রি র‍্যাম, ৩২০জিবি হার্ডডিস্ক, ১৫.৬ ইঞ্চি এইচডি স্ক্রিন, ডেডিকেটেড এটিআই রেডিওন গ্রাফিক্স কার্ড, ডিভিডি রাইটার, ১.৩ মেগাপিক্সেল ওয়েবক্যাম, ওয়াইফাই, বু-টুথ, মাল্টি কার্ড রিডারসহ আরো অনেক অপশন। দাম ৫৯,৮০০ টাকা। ফোন: ০১৯৭৪২৮৩৯২৯।

স্যামসাং-এর তিনটি সিরিজের ডিজিটাল ক্যামেরা

স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে স্যামসাং-এর তিনটি সিরিজের নতুন ডিজিটাল ক্যামেরা। ক্যামেরাগুলোতে সিরিজের প্রয়োজনানুযায়ী সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহৃত হয়েছে। এন্ট্রি লেভেল সিরিজের দুটি মডেল- ইএস-৬৫, ১০.২ মেগাপিক্সেল, দাম ৮,২০০ টাকা এবং ইএস-৭০, ১২.২ মেগাপিক্সেল, দাম ৯,৮০০ টাকা। ডুয়াল ডিসপে- সিরিজের অন্যতম বৈশিষ্ট্য নিখুঁতভাবে ছবি তোলার নিশ্চয়তা, এর তিনটি মডেল- পিএল-১০০, ১২.২ মেগাপিক্সেল, দাম ১৩,৫০০ টাকা; পিএল-১৫০, ১২.৪ মেগাপিক্সেল, দাম ১৫,৫০০ টাকা এবং এসটি-৫০০ ১২.২ মেগাপিক্সেল ১৬,০০০ টাকা। এছাড়া হাই পারফরমেন্স সিরিজের দুটি মডেল- এসটি-৫০০০, ১৪.২ মেগাপিক্সেল, দাম ২১,০০০ টাকা

এবং ডবি-উবি-৬০০, ১২.২ মেগাপিক্সেল, দাম ২০,০০০ টাকা। ফোনঃ ০১৭৩০৩১৭৭৪৭।

মাইক্রোনেট ব্র্যান্ডের এডিএসএল২+ মডেম রাউটার

গে-াবাল ব্র্যান্ড (প্রাঃ) লিমিটেড এনেছে মাইক্রোনেট ব্র্যান্ডের এসপি৩৩৬৭সি মডেলের নতুন এডিএসএল২+ মডেম রাউটার। এতে রয়েছে এডিএসএল সংযোগের জন্য ১টি আরজে-১১ পোর্ট, ৪টি

১০/১০০এম আরজে-৪৫ ইথারনেট ল্যান পোর্ট এবং ১টি অয়্যারলেস অ্যান্টেনা। রাউটারটির ডাউনস্ট্রিম ২৪ মেগাবিট পার সেকেন্ড এবং আপস্ট্রিম ১.৫ মেগাবিট পার সেকেন্ড। এটি আইট্রিপলই ৮০২.১১বি/জি স্ট্যান্ডার্ড, ৮টি ভার্চুয়াল সার্কিট, ৬৪/১২৮-বিট ডবি-উইপি এনক্রিপশন, ডবি-উপিএ, এনএটি, ডিএইচসিপি প্রটোকল, ডিএমজেড হোস্ট এবং ইউপিএনপি সমর্থন করে। নেটওয়ার্কের নিরাপত্তা বিধানে এতে রয়েছে বিল্ট-ইন এনএটি ফায়ারওয়াল, আইপি-ভিত্তিক প্যাকেট ফিল্টারিং, পাসওয়ার্ড প্রটেক্টেড সিস্টেম ম্যানেজমেন্ট প্রভৃতি। এছাড়া একে ওয়েবভিত্তিক ইউজার ইন্টারফেসের মাধ্যমে সহজেই কনফিগার করা যায়। দাম ৬,৫০০ টাকা। ফোনঃ ০১৯১৫৪৭৬৩৫৩, ৮১২৩২৮১।

ম্যাট্রিক্স পাওয়ার ইউপিএস

কমভ্যালী লিমিটেড বাজারে এনেছে ম্যাট্রিক্স পাওয়ার ইউপিএস। মাইক্রো কন্ট্রোলার বেসড ডিজাইন, স্মাট চার্জার প-াস, বুদ্ধিদীপ্ত চার্জের ক্ষমতা, আটো হলিডে মোড, স্ি-প মোড চার্জিং, ওভার লোড প্রটেকশন, লো ব্যাটারি প্রি-

অ্যালার্ম ও জেনারেটর বান্ধব এই ইউপিএস ১ বছরের ওয়ারেন্টিসহ দাম ও বৈশিষ্ট্যের দিক থেকে ক্রেতাদেরকে দেবে বাড়তি সুবিধা। ম্যাট্রিক্স পাওয়ার ৬৫০ ভিএ এবং ১২০০ ভিএ ক্ষমতাসম্পন্ন দুটি মডেলের ইউপিএস পাওয়া যাচ্ছে। যোগাযোগঃ ০১৮১৭২৯৯০৫৫, ৫৭, ৬৩

ভ্যালুটপ ব্র্যান্ডের মাউস

কম্পিউটার সিটি টেকনোলজিস লিঃ বাজারে এনেছে ভ্যালুটপ ব্র্যান্ডের মাউস। পিএস২ এবং ইউএসবি ইন্টারফেসের নতুন এই মাউসগুলো ৮০০ডিপিআই স্মুথ

স্ক্রলিং, ৩/৬টি হট বাটন, হাই কোয়ালিটি প-াস্টিক বডি প্রভৃতি বৈশিষ্ট্য। নজরকাড়া ডিজাইনের এই মাউসগুলো বেশ কয়েকটি মডেলে পাওয়া যাচ্ছে। যোগাযোগঃ ০১৮১৯ ৩১১১৬০, ৮৬৫০১৭৯।

বেলকিন সার্জ প্রটেক্টর বাজারে

বিশ্বখ্যাত বেলকিন ব্র্যান্ড এই প্রথম বাংলাদেশে নিয়ে এল সার্জ প্রটেক্টর নামে অভিনব একটি ডিভাইস। এটা অনেকটা ভোল্টেজ স্ট্যাবিলাইজার এর বিকল্প হিসেবে কাজ করে। এটি কম্পিউটার, প্রিন্টার, টেলিভিশন, মিউজিক সিস্টেম, রেফ্রিজারেটরসহ যে কোনো ইলেকট্রনিক ডিভাইসকে বৈদ্যুতিক দুর্ঘটনা থেকে সুরক্ষিত রাখে। যেমন ভোল্টেজ উঠানামা, বৈদ্যুতিক শর্ট সার্কিট, বজ্রপাত,

বৈদ্যুতিক নয়েজ দূর করাসহ যে কোনো বৈদ্যুতিক দুর্ঘটনা থেকে ইলেকট্রনিক ডিভাইসকে রক্ষা করে। সাথে রয়েছে সার্জ প্রটেক্টর-এর সঙ্গে সংযুক্ত ইলেকট্রনিক ডিভাইসের জন্য সর্বোচ্চ ১,৫০,০০০ টাকা পর্যন্ত ইন্সুরেন্স কাভারেজ। এতে ব্যবহার করা হয়েছে ৫এমএম ওয়াইড কপার পে-ট এবং ৩ মিটার লম্বা হেভি ডিউটি ক্যাবল। সার্জ প্রটেক্টরগুলো ৩,৪,৬ এবং ৮ সকেটে পাওয়া যাচ্ছে। বেলকিন-এর যে কোনো পণ্যের সাথে রয়েছে তিন বছরের ওয়ারেন্টি। ফোনঃ ৯৬৭২২৩০-৩১, ০১৮১১৪২০৩০২

প্রফেশনালদের জন্য মাইক্রোটেক ব্র্যান্ডের স্ক্যানার

গে-াবাল ব্র্যান্ড (প্রাঃ) লি. এনেছে মাইক্রোটেক ব্র্যান্ডের স্ক্যানমেকার ৫৯৫০এসডি মডেলের নতুন স্ক্যানার। প্রফেশনাল ব্যবহারকারীদের জন্য উপযোগী এই স্ক্যানারটি সিঙ্গেল সাইডেড স্ক্যানার, যার অপটিক্যাল রেজল্যুশন

২৪০০ ডিপিআই, ফ্ল্যাটবেড স্ক্যানিং এরিয়া ৮.৫ ইঞ্চি বাই ১১.৭ ইঞ্চি এবং এটি ইউএসবি ২.০ ইন্টারফেসের। এতে এডিএফ ফিচার থাকায় এ৬ থেকে লিগ্যাল সাইজের সর্বোচ্চ ৫০টি পৃষ্ঠা স্বয়ংক্রিয়ভাবে স্ক্যান করে নিতে পারে। এছাড়া সাথের বান্ডল হিসেবে রয়েছে স্ক্যান উইজার্ড ডিআই সফটঅয়্যার। সফটঅয়্যারটিতে রয়েছে স্মার্ট ডুপে-ক্স, প্রিসেট সেটিং, অটো ক্রপ, ডকুমেন্ট এনহ্যান্সমেন্ট, কালার ড্রপআউট প্রভৃতি। দাম ১৪,০০০ টাকা। যোগাযোগঃ ০১৭১১৬৪৮০৯৫, ৮১২৩২৮১।

আইএক্সএ-এর স্টাইলিশ ল্যাপটপ ও নোটবুক ব্যাগ বাজারে

সোর্স এজ লিমিটেড IXA ব্র্যান্ডের বিভিন্ন মডেলের ল্যাপটপ এবং নোটবুক ব্যাগ বাজারে এনেছে। নতুন প্রজন্মসহ সকল বয়সী ক্রেতাদের জন্য রয়েছে বিভিন্ন রং এবং ডিজাইনের ভিন্ন ভিন্ন মডেলের ব্যাগ। পুরুষ এবং মহিলাদের জন্যও

পৃথকভাবে ডিজাইন করা আকর্ষণীয় সব মডেল রয়েছে। ব্যাগগুলোর বিভিন্ন মডেল ১০.১" থেকে শুরু করে ১৭" মনিটরের ল্যাপটপ বা নোটবুক নিরাপদে বহন করতে সক্ষম। ব্যাগগুলোতে রয়েছে টপ লোডিং, এয়ার সেল প্রটেকশন, ডকুমেন্ট কম্পার্টমেন্ট, মাল্টি-স্টোরেজ কম্পার্টমেন্ট, মোবাইল পাউচ এবং জেলি ফিল্ড হ্যান্ডেল-এর মত আকর্ষণীয় সব ফিচার। ব্যবহারকারীরা এসব ব্যাগে তাদের ল্যাপটপ/নোটবুকের পাওয়ার সাপ-াই, মাউস, পোর্টেবল কি-বোর্ড, এমপি-থ্রি পে-য়ার ইত্যাদি ছাড়াও আরো অনেক দরকারী জিনিস বহন করা যাবে সহজেই। ব্যাগগুলো ব্যবহারকারীভেদে চাহিদা মোতাবেক ডিজাইন ও ফিচার, দৃষ্টিনন্দন রঙের সমন্বয় এবং যুগোপযোগী সকল সুবিধা দিয়ে তৈরি। IXA ব্র্যান্ডের এই ব্যাগগুলো ইতিমধ্যেই বিশ্বের প্রায় ৮৫টি দেশে দারুণ জনপ্রিয়তা অর্জন করেছে। ব্যাগগুলো ১৪০০ থেকে ৪৫০০ টাকার মধ্যে পাওয়া যাচ্ছে। ফোনঃ ৯৫৫১৭১৫, ০১৬৭১৩৩৩৭৭৭।

মার্কারী-র মাদার বোর্ড বাজারে নিয়ে এল সোর্স এজ লিমিটেড

সোর্স এজ লিমিটেড বাজারে নিয়ে এসেছে DDR3 বাসের নতুন মাদারবোর্ড P1G31Z ও P1G41Z। ইন্টেল চিপসেটসমৃদ্ধ এই মাদারবোর্ডগুলো ইন্টেলের LGA775, Core 2 Quad, Core 2 Duo, Pentium dual core,Celeron dual core ও Celeron 400 series প্রসেসর সমুহ সাপোর্ট করে। 1333/1066/800 MHz FSB সমৃদ্ধ এই মাদারবোর্ডগুলো DDR2 ও DDR3 র‍্যাম সাপোর্টেড। 10/100/1000 Fast Ethernet by Realtek® RTL 8111DL ল্যানসমৃদ্ধ এই মাদারবোর্ডগুলো 5.1 Channel Audio-সহ টার্বো কি, এন্টি সার্জ প্রটেকশন,

এক্সপ্রেস গেট প্রভৃতি প্রযুক্তিসমৃদ্ধ যা বিদ্যুতের অপচয় রোধ করে মাদারবোর্ডের সকল কম্পোনেন্টে সঠিক বিদ্যুত প্রবাহ নিশ্চিত করে সময় ও খরচ বাঁচায়। পরিবেশবান্ধব ও দ্রুত সিস্টেম বুটিং ক্ষমতাসম্পন্ন এই মাদারবোর্ডগুলো সাটা পোর্ট, ইউএসবি ২.০/১.০ পোর্ট ও ডিভিআই, ভিজিএ, এইচডিএমআই পোর্টসমৃদ্ধ। পাশাপাশি মাদারবোর্ডটির কার্যকরী ব্যবহার নিশ্চিত করতে সোর্স এজ লিমিটেড দিচ্ছে সর্বোচ্চ তিন বছরের বিক্রয়োত্তর সেবার নিশ্চয়তা। আকর্ষণীয় মূল্যে মার্কারীর P1G31Z ও P1G41Z মডেলের মাদারবোর্ডগুলো পাওয়া যাচ্ছে যথাক্রমে মাত্র ৩২৫০ ও ৩৭৫০ টাকায়। বিস্তারিত জানতে সোর্স এজ লি., ফোনঃ ০১৬৭১৩৩৩৭৭৭, ৯৫৫১৭১৫, ৭১১৩৪৯৭।